



জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)



ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)

প্রকাশনা সংখ্যা-০৭ (জানুয়ারি-জুন ২০২০)
প্রকাশ : ডিসেম্বর/২০২০

উৎপাদনশীলতা উন্নয়নে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি দপ্তর। দেশের উৎপাদনশীলতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৯৮২ সালের ডিসেম্বর মাসে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে “জাতীয় শ্রম উৎপাদনশীলতা পর্যবেক্ষণ ও পরিনিয়ন্ত্রণ কেন্দ্র (এনসিএমএলপি)” নামে একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হয়। পরবর্তীতে প্রকল্পটির নাম পরিবর্তন করে “বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)” রাখা হয়। সর্বশেষে ১৯৮৯ সালে “বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)” প্রকল্পটিকে উন্নয়ন খাত হতে সরকারের নিয়মিত রাজস্ব বাজেটে স্থানান্তরপূর্বক শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় হতে “ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)” নামে শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়। এনপিও বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন খাত, উপ-খাত এবং কুটির শিল্পসহ এসএমই ও শিল্প/সেবা প্রতিষ্ঠান খাতে উৎপাদনশীলতা উন্নয়নে যুগোপযোগী কলাকৌশল সম্পর্কিত প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, পরামর্শ সেবা, কারিগরি সহায়তা প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এনপিও জাপানছু এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে আন্তর্জাতিক মানের কনসালটেন্সি সেবা প্রদান করে থাকে। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণানুযায়ী, উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করা, প্রতিবছর ০২ অক্টোবরকে “জাতীয় উৎপাদনশীলতা দিবস” পালন করা এবং সর্বোপরি এ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে শিল্প/সেবা প্রতিষ্ঠানে সেরা উদ্যোক্তাদেরকে স্বীকৃতি স্বরূপ প্রতিবছর “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড” প্রদান করা হচ্ছে। এনপিও হতে সম্ভাবনাময় শিল্প/সেবা সেক্টরের প্রোডাকটিভিটি উন্নয়নকল্পে গবেষণা চালানো ও উদ্ভাবনীমূলক ইনোভেশন কার্যক্রমেও চর্চা করা হচ্ছে।

রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী

রূপকল্প (Vision):

উৎপাদনশীলতার উৎকর্ষ সাধনে এপিওভুক্ত উন্নত দেশসমূহের সমমনা পৌঁছানো।

অভিলক্ষ্য (Mission) :

উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কারখানা ও সেবা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা, কারিগরি সহায়তা ও উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দ্রব্য/সেবার উৎপাদন বৃদ্ধি, গুণগত পদ্ধতির উন্নয়ন এবং দক্ষ জনবল তৈরি।

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

- ১) দক্ষ জনবল তৈরির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ;
- ২) শিল্প উন্নয়নে স্বীকৃতি ও সহায়তা ;
- ৩) উৎপাদনশীলতা বিষয়ে গবেষণা জোরদারকরণ ;
- ৪) উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি;
- ৫) উৎপাদনশীলতা বিষয়ক নীতি নির্ধারণ ও উন্নয়ন ;

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ১) কর্ম সম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি ;
- ২) দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ ;
- ৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থার উন্নয়ন ;

কার্যাবলি (Functions)

- ১) উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে যথাযথ কলাকৌশল উদ্ভাবন ও নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান করা ;
- ২) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা ;
- ৩) শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার গতিধারা সমুন্নত রাখার লক্ষ্যে পরামর্শ সেবা ও কনসালটেশির মাধ্যমে প্রভাবক বা ক্যাটালিস্ট হিসাবে দায়িত্ব পালন করা ;
- ৪) উৎপাদনশীলতা বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং বিশ্লেষণসহ প্রতিবেদন প্রস্তুতপূর্বক বিভিন্ন মহলে বিতরণ করার লক্ষ্যে তথ্য ভান্ডার গঠন করা ;
- ৫) বাংলাদেশে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে সমন্বয় সাধন ;
- ৬) দেশব্যাপী উৎপাদনশীলতা দিবস পালন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান সেমিনার আয়োজন ;

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ বাস্তবায়নে এনপিও'র প্রথম স্থান অর্জন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ বাস্তবায়নে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর ও সংস্থার মধ্যে সর্বোচ্চ নম্বর অর্জন করে। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানটি গত ০৬ জানুয়ারি, ২০২০ তারিখ শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি। বিশেষ অতিথি ছিলেন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার, এমপি। সভাপতিত্ব করেন শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম। প্রধান অতিথি মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি এর নিকট থেকে ক্রেস্ট এবং সার্টিফিকেট গ্রহণ করেন এনপিও পরিচালক জনাব নিশিন্ত কুমার পোদ্দার এবং এনপিওর সাবেক পরিচালক জনাব এস. এম. আশরাফুজ্জামান।



মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এর কাছ থেকে ক্রেস্ট গ্রহণ করেন এনপিও পরিচালক জনাব নিশিন্ত কুমার পোদ্দার এবং এনপিও সাবেক পরিচালক জনাব এস. এম. আশরাফুজ্জামান। এ সময় মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি এবং শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম উপস্থিত ছিলেন।

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি) এর ১৯তম সভা

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি) এর ১৯তম সভা গত ২৩ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ মাননীয় শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম এর সভাপতিত্বে শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পারস্পরিক পরিচয় পর্বের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

সভায় বলা হয় চলতি বছরের ডিসেম্বরের মধ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হবে। এ লক্ষ্যে জুনের মধ্যে কর্মপরিকল্পনার খসড়া তৈরির কাজ শেষ করা হবে। এরপর সংশ্লিষ্ট অংশীজনদের সাথে আলোচনা করে এটি চূড়ান্ত হবে। দেশের শিল্প, সেবা, কৃষিসহ সকলখাতে কাজিফত পরিমাণে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০২১ সালের জানুয়ারি থেকে দশ বছর মেয়াদী ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান বাস্তবায়ন শুরু হবে। সভায় রাষ্ট্রায়ত্ত্ব চিনিকলের উৎপাদন দক্ষতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় জানানো হয়, মেটেরিয়াল ফ্লো কন্সট একাউন্টিং পদ্ধতি প্রয়োগ করে মান নিয়ন্ত্রণের মাধ্যমে রাজশাহী, নাটোর ও নর্থবেঙ্গল সুগার মিলের উৎপাদন দক্ষতা বৃদ্ধির কর্মসূচি নেয়া হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে জাপান ভিত্তিক এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর কারিগরি বিশেষজ্ঞ প্রতিনিধি প্রথম পর্যায়ের সমীক্ষা চালিয়েছেন। চার ধাপে এ পদ্ধতি বাস্তবায়ন করে চিনিকলের উপজাত পুনরায় ব্যবহার, উৎপাদন খরচ সাশ্রয় এবং উৎপাদনশীলতা বাড়ানো হবে। পর্যায়ক্রমে রাষ্ট্রায়ত্ত্ব অন্য ১২টি চিনিকলেও এ পদ্ধতি অনুসরণ করে উৎপাদন দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হবে বলে সভায় তথ্য প্রকাশ করা হয়।

সভায় জেলা ও উপজেলা পর্যায়ে এনপিও'র উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে আলোচনা হয়। এ সময় তৃণমূল পর্যায়ে কর্মশালা ও সেমিনার আয়োজন করে সংশ্লিষ্ট অংশীজনদের উৎপাদনশীলতা বিষয়ে সচেতন করতে এনপিওকে নির্দেশনা দেয়া হয়। পাশাপাশি 'ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' এর জন্য আবেদনকারীর সংখ্যা বাড়াতে ভবিষ্যতে জেলা পর্যায়ে আবেদন প্রেরণ ও সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা দেয়া হয়।

সভায় শিল্প সচিব বলেন, উৎপাদনশীলতা বাড়াতে প্রোডাকশন চেইনের সাথে সম্পৃক্ত সবাইকে দক্ষ করে গড়ে তুলতে হবে। এ লক্ষ্যে শিল্প-কারখানার উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত কাঁচামাল, যন্ত্রপাতি, জনবল ও সময়ের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। তিনি উৎপাদন প্রক্রিয়ায় জড়িত প্রকৌশলী, টেকনিশিয়ান, কেমিস্টসহ সকলের দক্ষতা বাড়িয়ে অপচয়রোধের পাশাপাশি উপজাত পুনর্ব্যবহার নিশ্চিতের তাগিদ দেন। একই সাথে তিনি উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বাড়াতে এনপিও কর্তৃক আয়োজিত কর্মশালা পরবর্তী ফলোআপ অব্যাহত রাখার তাগিদ দেন। সভায় শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজ্ লুৎফুন নাহার বেগম, বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশনের (বিএসইসি) চেয়ারম্যান জনাব মোঃ রইছ উদ্দিন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের (বিএসএফআইসি) চেয়ারম্যান জনাব সনৎ কুমার সাহা, এনপিও'র পরিচালক জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, বিসিআইসি'র পরিচালক জনাব মোঃ শাহীন কামাল, নাসিব সভাপতি মিজ্ নুরুল গণি শোভন এবং এফবিসিসিআই, এমসিসিআই, বিসিআই, বাংলাদেশ এমপ্লুয়ার্স ফেডারেশন, বিকেএমইএ, বিটিএমসিসহ কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ট্রেডবডির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি) এর ১৯ তম সভায় সভাপতিত্ব করেন শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম।

এনপিও এবং Nanyang Polytechnic International এর সাথে সমঝোতা স্মারকের অংশ হিসেবে Specialist Program

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এর যৌথ উদ্যোগে বাংলাদেশের বিভিন্ন সেক্টরে উৎপাদনশীলতা, গুণগতমান, উদ্ভাবন ও প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে Bangladesh National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন করেছে। Master Plan বাস্তবায়নের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় ও এর আওতাভুক্ত দপ্তর/সংস্থাসমূহের জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য গত ০১ আগস্ট, ২০১৯ তারিখ সিংগাপুরস্থ Nanyang Polytechnic International এর সাথে শিল্প মন্ত্রণালয়ের Productivity and Innovation Management Program বিষয়ক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারকের আলোকে Nanyang Polytechnic International তিনটি প্রশিক্ষণ কর্মসূচির (ক. Leaders Program খ. Managers Program ম. Specialist Program) মাধ্যমে পাঁচটি ব্যাচে (প্রতি ব্যাচে ২৪ জন) মোট ১২০ জনকে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়েছিল। এর মধ্যে গত ২-২২ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ ২১ (একুশ) দিনব্যাপী Specialist Program#1 অনুষ্ঠিত হয়। এ প্রোগ্রামে এনপিও থেকে ০৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উক্ত প্রোগ্রামটি পর্যবেক্ষণ করার জন্য এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশিন্ত কুমার পোদ্দার গত (০৫-১২) ফেব্রুয়ারি, ২০২০ তারিখ অংশগ্রহণ করেন।

Temasek Foundation - NYPi - Bangladesh
Productivity and Innovation Management Programme
Specialists Programme 3 - 21 February 2020



এনপিও এবং Nanyang Polytechnic International এর সাথে সমঝোতা স্মারকের অংশ হিসেবে Specialist Program এ এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দারসহ অন্যান্য প্রশিক্ষণার্থীবৃন্দ ।

মুজিববর্ষে ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কার্যক্রম

স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে এনপিও বিশেষ কার্যক্রম গ্রহণ করেছে। মুজিববর্ষ উপলক্ষে এনপিও গত ১৫ মার্চ, ২০২০ তারিখ বিশেষ ১১ ডে বাস্তবায়ন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এনপিও এর পরিচালক জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার (যুগ্মসচিব) বিশেষ ১১ ডে কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন “মুজিববর্ষ বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বছর। এই বর্ষে সকলের চিন্তা চেতনা এবং কর্মে বঙ্গবন্ধুর জীবন দর্শন ও আদর্শকে প্রতিফলিত করার প্রত্যয় নিয়ে এনপিও কাজ করবে। এ লক্ষ্যে এনপিও বিশেষ ১১ ডে বাস্তবায়নের কর্মসূচি গ্রহণ করেছে। এনপিও অফিসকে একটি মডেল অফিসে রূপান্তরের জন্য এই কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই কর্মসূচি মুজিববর্ষে নিয়মিতভাবে চলতে থাকবে।” কর্মশালায় এনপিও এর সকল কর্মকর্তা ও কর্মচারি অংশগ্রহণ করে। এনপিও কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্সে “বঙ্গবন্ধুর জীবনী এবং তার শিল্প ও উৎপাদনশীলতা ভাবনা” শীর্ষক একটি সেশন অন্তর্ভুক্ত থাকবে। এনপিও এর অভ্যন্তরীণ ডিসপ্লোমেতে বছরব্যাপি বঙ্গবন্ধুর উপর বিভিন্ন ডকুমেন্টারি ও প্রামাণ্যচিত্র প্রদর্শনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রতিদিন সকালে সকল কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে বিশেষ ধরনের উদ্দীপনামূলক বক্তব্য ও শপথ নিয়ে অফিস শুরু করবে। এছাড়া বঙ্গবন্ধুর বিভিন্ন উক্তি সম্বলিত বিশেষ ধরনের স্ট্যাণ্ডিং ব্যানার তৈরী করা হয়েছে।



মুজিব বর্ষ উপলক্ষে বিশেষ 5৯ ডে বাস্তবায়ন শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিত কুমার পোদ্দার।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ, ২০২০ এ এনপিও'র কর্মসূচি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে গত ১৭ মার্চ, ২০২০ সকালে শিল্প মন্ত্রণালয় প্রাঙ্গনে স্থাপিত বঙ্গবন্ধুর মুর্যালে ফুল দিয়ে এনপিও'র পক্ষে শ্রদ্ধাজলি অর্পণ করা হয়। শ্রদ্ধাজলি অর্পণ করেন এনপিও এর পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিত কুমার পোদ্দার। শ্রদ্ধাজলি অর্পণের সময় এনপিও'র যুগ্ম-পরিচালক জনাব এটিএম মোজাম্মেল হক তার সাথে উপস্থিত ছিলেন।



শিল্প মন্ত্রণালয়ের প্রাঙ্গনে স্থাপিত বঙ্গবন্ধুর মুর্যালে শ্রদ্ধাজলি অর্পণ করছেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিত কুমার পোদ্দার এবং যুগ্ম-পরিচালক জনাব এটিএম মোজাম্মেল হক।

পরবর্তীতে শিল্প মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষে এ দিবসের তাৎপর্য তুলে ধরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার, এমপি। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন শিল্প সচিব জনাব মোঃ আব্দুল হালিম। এ আলোচনা সভায় এনপিও'র পক্ষ থেকে প্রকাশিত জাতির পিতার জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত স্মারক কোর্টপিন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী ও শিল্প সচিব মহোদয়কে পড়িয়ে দেন এনপিও'র পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার।



মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপিকে জাতির পিতার জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত স্মারক কোর্টপিন পড়িয়ে দিচ্ছেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার।



শিল্প সচিব জনাব মোঃ আব্দুল হালিম মহোদয়কে জাতির পিতার জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত স্মারক কোর্টপিন পড়িয়ে দিচ্ছেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার।

“Productivity Improvement through Maintaining Proper Quality Management in Light Engineering Sector” বিষয়ক সেমিনার

গত ১৮ মার্চ, ২০২০ তারিখ হোটেল ৭১, বিজয়নগর, ঢাকায় “Productivity Improvement through Maintaining Proper Quality Management in Light Engineering Sector” বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারটি বৌদ্ধভাবে আয়োজন করে বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি) ও জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)। নাসিবের সভাপতি মির্জা নূরুল গণি শোভন এর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিল্প সচিব জনাব মোঃ আব্দুল হালিম। সেমিনারে Light Engineering বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন এনপিও পরিচালক জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার। এনপিও পরিচালক তাঁর Light Engineering বিষয়ক প্রবন্ধে এ শিল্পের ভবিষ্যৎ, ব্যবসা, প্রসারতা, প্রতিবন্ধকতা ইত্যাদি বিভিন্ন বিষয় তুলে ধরেন।



বিপিসি এবং নাসিব এর যৌথ সহযোগিতায় আয়োজিত “Productivity Improvement through Maintaining Proper Quality Management Light Engineering Sector” বিষয়ক সেমিনারে উপস্থিত ছিলেন শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম, এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার ও নাসিব সভাপতি মির্জা নুরুল গণি শোভন।

এনপিও'র কর্মকর্তা ও কর্মচারীদের জন্য উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনব্যাপী প্রশিক্ষণ

গত ১৮ মার্চ, ২০২০ তারিখে এনপিও'র কর্মকর্তা ও কর্মচারীদের জন্য উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনব্যাপী এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটির উদ্বোধন করেন এনপিও পরিচালক জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন a2i প্রকল্পের প্রশিক্ষক জনাব আব্দুল মালেক। উক্ত প্রশিক্ষণে দুই দিনব্যাপী সরকারি বিভিন্ন দপ্তরে উদ্ভাবনীমূলক কর্মকান্ড উপস্থাপন করা হয়। সেসব কর্মকান্ডকে আরও কিভাবে সহজীকরণ করা যায় তার বিভিন্ন উদাহরণ তুলে ধরা হয়।



উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনব্যাপী প্রশিক্ষণ এর উদ্বোধনী বক্তব্য প্রদান করেন এনপিও'র পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার।

উৎপাদনশীলতা ও কোভিড-১৯ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ

চলমান করোনা ভাইরাস পরিস্থিতিতে এনপিও'র প্রশিক্ষণ কর্মসূচি স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরিচালনা করার লক্ষ্যে অনলাইন প্রশিক্ষণ কর্মসূচির উদ্যোগ গ্রহণ করা হয়। এ জন্য প্রথমে ফেসবুক লাইভ ও পরে Zoom Meeting App এর মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। সে অনুযায়ী গত ১১ মে, ২০২০ তারিখ সকাল ১১.৩০ মিনিটে এনপিও'র যুগ্ম পরিচালক জনাব এ টি এম মোজাম্মেল হক করোনা ভাইরাস পরিস্থিতিতে 5S এর গুরুত্ব এবং ১৭ মে, ২০২০ তারিখ সকাল ১১.৩০ মিনিটে এনপিও'র গবেষণা কর্মকর্তা জনাব রাজু আহমেদ Understanding Business Excellence Framework বিষয়ক অনলাইন প্রশিক্ষণে বক্তব্য উপস্থাপন করেন। প্রশিক্ষণের প্রধান আলোচক ছিলেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার। প্রশিক্ষণগুলোতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রায় একশত প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে।



ফেসবুক লাইভে করোনা ভাইরাস পরিস্থিতিতে 5S এর গুরুত্ব বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করছেন এনপিও'র যুগ্ম-পরিচালক জনাব এটিএম মোজাম্মেল হক।



Zoom Meeting App এর মাধ্যমে প্রশিক্ষক এনপিও'র গবেষণা কর্মকর্তা মোঃ রাজু আহমেদ সহ প্রশিক্ষণার্থীদের একাংশ।

62nd Session of APO Governing Body

গত ৮ জুন, ২০২০ সালে 62nd Session of APO Governing Body প্রোগ্রামটি ভার্চুয়াল ভাবে অনুষ্ঠিত হয়। সভায় এনপিও, বাংলাদেশের পক্ষে অংশগ্রহণ করেন এপিও কান্ট্রি ডিরেক্টর জনাব কে এম আলী আজম, সচিব, শিল্প মন্ত্রণালয়, এপিও অল্টারনেট কান্ট্রি ডিরেক্টর জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক, এনপিও এবং এপিও লিয়াজোঁ অফিসার জনাব মোঃ নজরুল ইসলাম, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও। সভায় কোভিড-১৯ মহামারী দ্বারা উত্থাপিত মহামারীর অঞ্চলে সমৃদ্ধি ফিরিয়ে আনার বিষয়ে এপিও তাঁর অবস্থান ব্যক্ত করে। স্বাস্থ্য, অর্থনীতি, খাদ্য, সুরক্ষা এবং শিক্ষাসহ মানবিক কার্যকলাপের সমস্ত ক্ষেত্রে এই মহামারী দ্বারা সৃষ্ট গভীর ও ব্যাপক বিঘ্ন সম্পর্কে এপিও'র উদ্বেগ প্রকাশ করা হয়। এছাড়া বিভিন্ন শিল্পে বিশেষত উৎপাদন পরিসেবা এবং কৃষি খাতে উদ্ভাবনী ও ব্যবহারিক সমাধান এর ব্যাপারে আলোকপাত করা হয়।

সেই লক্ষ্যে এপিও একটি বিশেষ এ্যাকাউন্ট চালু করেছে যা কোভিড-১৯ মহামারীর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। পরিশেষে এপিও কোভিড-১৯ পরবর্তী যুগে টেকসই, অন্তর্ভুক্তিমূলক এবং উদ্ভাবনী নেতৃত্বাধীন উন্নয়নের লক্ষ্যে তার সদস্য অর্থনীতি এবং অংশীদারদের সাথে একটি শক্তি হিসেবে তার কার্যক্রম চালিয়ে যাওয়ার প্রত্যয়ের উপর জোর প্রদান করা হয়।




62nd Session of APO Governing Body অনুষ্ঠানের ভার্চুয়াল অধিবেশনে বাংলাদেশের এপিও কান্ট্রি ডিরেক্টর মাননীয় শিল্প সচিব জনাব কে এম আলী আজমসহ অন্যান্য দেশের প্রতিনিধিবৃন্দ।

উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও'র প্রশিক্ষণ

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৯-২০ অর্থবছরের শেষ ০৬ মাসে সরকারি/বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে নিয়মিতভাবে “উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল, কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন, প্রোডাক্টিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান উন্নয়ন, শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণ, কোয়ালিটি ব্যবস্থাপনা, কারখানা পর্যায়ে প্রতিযোগিতামূলক উৎপাদনশীলতা ও সবুজ উৎপাদনশীলতা” শীর্ষক শিরোনামে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। দেশের বিভিন্ন শিল্প/সেবা

প্রতিষ্ঠানে ২০১৯-২০ অর্থবছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ২১টি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করার মাধ্যমে ৭৬৭ জন প্রশিক্ষার্থীদেরকে উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ প্রদান করা হয়।



(২০১৯-২০) অর্থবছরের জানুয়ারি-জুন পর্যন্ত সেক্টরভিত্তিক প্রশিক্ষণের সংখ্যা এবং প্রশিক্ষার্থীর সংখ্যা এর লেখচিত্র



কর্ণফুলী পেপার মিলস লিমিটেড, কাগুাই, রাঙ্গামাটিতে “প্রোডাক্টিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন” বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশিন্ত কুমার পোদ্দার। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব ফরিদ উদ্দিন এবং গবেষণা কর্মকর্তা সৈয়দ জায়েদ-উল ইসলাম।



যশোরে অবস্থিত রেসকো বিস্কুট এন্ড ব্রেড ফ্যাক্টরি লিমিটেড এ “উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল” বিষয়ক প্রশিক্ষণ কোর্সের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও পরিচালক (যুগ্মসচিব) জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন গবেষণা কর্মকর্তা জনাব মোঃ রাজু আহমেদ।



নারায়ণগঞ্জে অবস্থিত অলিম্পিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এ “কারখানা ব্যবস্থাপনা ও উৎপাদনশীলতা” শীর্ষক প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন এনপিও যুগ্ম-পরিচালক জনাব এটিএম মোজাম্মেল হক। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন গবেষণা কর্মকর্তা মিজ সুরাইয়া সাবরিনা।



লতিক বাওয়ানী জুট মিলস লিমিটেড, ডেমরা, ঢাকায় “উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল” শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন এনপিও উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা জনাব মোঃ আকিবুল হক এবং গবেষণা কর্মকর্তা মিজ নাহিদা সুলতানা রত্না ।



কেক উচ্চ বিদ্যালয়, দর্শনা, চুয়াডাঙ্গা তে “উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল” শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন এনপিওর উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মোছাম্মৎ ফাতেমা বেগম, গবেষণা কর্মকর্তা জনাব রিপন সাহা এবং পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী জনাব ফিরোজ আহমেদ ।



মিনিস্টার হাইটেক পার্ক ইলেকট্রনিক্স লিমিটেড, গাজীপুর এ “উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন এনপিও’র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মোছাম্মৎ আবিদা সুলতানা এবং গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান ।



কিশোয়ান স্ল্যাক্স লিমিটেড, আত্রাবাদ, চট্টগ্রাম এ “উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন এনপিও’র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান এবং গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মেহেদী হাসান ।

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ২০তম ভার্চুয়াল সভা

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ২০তম ভার্চুয়াল সভা গত ২০ জুন, ২০২০ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাননীয় শিল্প সচিব জনাব কে এম আলী আজম। সভাপতির অনুমতিক্রমে জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন। উক্ত সভায় এনপিও দপ্তরের আপগ্রহেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন, এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ, এনপিওকে একটি দক্ষ পেশাধারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ, এনপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ, সেক্টর এবং সাব সেক্টরের need base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেডাম অফ আন্ডারস্ট্যান্ডিং (Mou) স্বাক্ষর, বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ, এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০(দশ) বছর মেয়াদী Bangladesh National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন, ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাওয়ার্ড ২০১৯ প্রদান করা, এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ, ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকাণ্ডের তথ্যাদি বিষয়ক, কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ, উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার, কর্মশালা, আলোচনা সভা আয়োজন এবং কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তী পরিস্থিতিতে এনপিও'র কার্যক্রম গতিশীল করাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

অর্থনৈতিক পুনর্গঠনে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ



মোঃ আকিবুল হক
গবেষণা কর্মকর্তা
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়।

ভূমিকা :

দেশের আর্থ সামাজিক উন্নয়নে সম্পদের সুষ্ঠু ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণ অনস্বীকার্য। বিশ্বের উন্নত দেশগুলো সম্পদের তথা শ্রমশক্তি, মূলধন, মেশিনারিজ, মেটারিয়াল, তথ্য প্রযুক্তি প্রভৃতির সুষ্ঠু ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে উন্নতির ধারা অব্যাহত রাখতে সক্ষম হয়েছে। দীর্ঘদিন ধরে COVID-19 এর প্রভাব বিদ্যমান থাকায় দেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে অপূরণীয় ক্ষতি হয়েছে। এই ক্ষতি উত্তরণের জন্য তথা অর্থনৈতিক উন্নয়ন ও উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য প্রথমেই দেশের সম্পদের সুষ্ঠু বণ্টন ও অপচয় হ্রাস করতে হবে।

সম্পদ কাকে বলে ?

সাধারণত সম্পদ বলতে টাকা পয়সা, ধন-দৌলত প্রভৃতিকে বোঝায়। কিন্তু সম্পদ শব্দটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়। অর্থনীতিতে সম্পদ হলো, যা কিছু মানুষের অভাব পূরণ করে ও যার জোগান অপ্রতুল। এ অর্থে সকল প্রকার অর্থনৈতিক দ্রব্যকেই সম্পদ বলা যায়। তবে সম্পদ হতে হলে অবশ্যই বিনিময় মূল্য থাকতে হবে। অর্থাৎ অর্থের বিনিময়ে কেনাবেচা করা যায় এমন বস্তুগত ও অবস্তুগত দ্রব্যকে সম্পদ বলে। সুতরাং যেসব দ্রব্যের উপযোগ রয়েছে, যোগান চাহিদার তুলনায় সীমাবদ্ধ বা হস্তান্তরযোগ্য এবং বাহ্যিক সত্তার অধিকারী, তাকেই অর্থনীতিতে সম্পদ বলা হয়।

অর্থনৈতিক উন্নয়নে সম্পদের সুষ্ঠু ও দক্ষ ব্যবহারের প্রয়োজনীয়তা :

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ খুবই গুরুত্বপূর্ণ। কেননা সম্পদের সুষ্ঠু ও দক্ষ ব্যবহার না হওয়ার কারণে সম্পদ অব্যবহৃত থাকে, সম্পদের অপচয় বৃদ্ধি পায়। এর প্রভাবে একদিকে উৎপাদনের পরিমাণ হ্রাস পায়, উৎপাদন বা সেবা প্রদানের জন্য সময় বেশী লাগে, অপরদিকে উৎপাদন প্রক্রিয়ায় এক বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি হয়, পাশাপাশি উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়। ফলে অতিরিক্ত মুদ্রাস্ফীতি দৃশ্যমান হয় যা অর্থনৈতিক উন্নতির জন্য কখনই কাম্য নয়। সম্পদের সুষ্ঠু ও দক্ষ ব্যবহার যত বেশি হবে অর্থনৈতিক উন্নয়ন তত শক্তিশালী ও দীর্ঘস্থায়ী হবে।

সম্পদের সুষ্ঠু ও দক্ষ ব্যবহার না হওয়ার মূল কারণ :

প্রথমেই অব্যবস্থাপনার কারণে সম্পদের বণ্টনগত দিক থেকে অপচয় সৃষ্টি হয় এবং পরবর্তীতে উৎপাদন প্রক্রিয়ায় অপচয় (টয়োটা প্রোডাকশন সিস্টেম অনুযায়ী ৭ ধরনের) বৃদ্ধি পায়। সাধারণত সম্পদের সুষ্ঠু ব্যবহার না হওয়ার মূল কারণ মূলতঃ ২টি যথাঃ ১. সম্পদের বণ্টনগত সমস্যা (সুষ্ঠু বণ্টন না হওয়া), ২. সম্পদের কার্যকরী ব্যবহার না হওয়া (উৎপাদন প্রক্রিয়ায় অপচয় বৃদ্ধি)।

১. সম্পদের বন্টনগত সমস্যা (সুঘম বন্টন না হওয়া) :

বন্টনগত সমস্যা খুবই কমন সমস্যা। প্রতিটি ক্ষেত্রেই ইহা (Right resource is not right place) পরিলক্ষিত হচ্ছে। প্রয়োজনীয়তা বিশ্লেষণ না করে সম্পদের বন্টনের ফলে এর মূল উদ্দেশ্য বাস্তবায়ন হয় না।

উদাহরণ স্বরূপ বলা যায়, ক্রিকেট খেলায় যে বল করতে ভাল পারে এবং স্বাচ্ছন্দ বোধ করে, কিন্তু তাকে দিয়ে যদি বল না করিয়ে শুধু ব্যাটিং করানো হয় তাহলে রেজাল্ট আশানুরূপ হবে না। অর্থাৎ সম্পদের সুঘম বন্টন নিশ্চিত হলো না। অপরভাবে, কোন ব্যক্তির যদি শ্রবণ ক্ষমতা কম থাকে এবং তাকে যদি ফোন রিসিপশনের কাজে নিয়োজিত রাখা হয়, তাহলে তার পারফর্ম খারাপ হবে। অর্থাৎ সম্পদের কার্যকারিতা কমে যাবে, সম্পদের সঠিক প্রয়োগ না হওয়ায় অপচয় হবে। আবার একজন ভাল ব্যাটসম্যানকে টিমে অন্তর্ভুক্ত করা হয়েছে, কিন্তু তাকে দিয়ে খেলানো হয়নি। এটাও এক ধরনের অপচয়।

২. উৎপাদন/সেবা প্রক্রিয়ায় অপচয় বৃদ্ধি :

যে উদ্দেশ্য সাধনের লক্ষ্যে সম্পদের বন্টন করা হয় এবং উৎপাদন প্রক্রিয়ার ব্যবহার করা হয়, যদি সেই উদ্দেশ্য পুরোপুরি বা আংশিক কার্যকর না হয় তাহলে সম্পদের অপচয় হয়। সম্পদের দক্ষ ও কার্যকরী ব্যবহার নিশ্চিত না হলে উৎপাদন প্রক্রিয়ায় অপচয় বৃদ্ধি পায় যা উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

Value & Waste :	
Value : <ul style="list-style-type: none">• A capability provided to a customer at the right time at an appropriate price as defined in each case by the customer.• Value is created by the producer from customer's point of view.	Waste: <ul style="list-style-type: none">• Anything other than the minimum amount of equipment, materials, parts, space and workers time which are absolutely essential to add value to the product.• If it doesn't add value, It's waste

টয়োটা মটর কোম্পানী কর্তৃক উৎপাদন প্রক্রিয়ায় অপচয়কে ৭ ভাবে ব্যাখ্যা করা হয়েছে। যা নিম্নরূপ :


টয়োটা মটর কোম্পানী কর্তৃক নির্ধারিত ৭ টি অপচয়




পরিমাণের দিক থেকে অপচয় (উৎপাদন প্রক্রিয়ায়) :



আর্থিক দিক থেকে অপচয় (উৎপাদন প্রক্রিয়ায়) :



উৎপাদিত পণ্য এবং অপচয় উভয় ক্ষেত্রেই গুরুত্ব দেয়া উচিত। উপকরণের কত অংশ উৎপাদন/চূড়ান্ত পণ্য এবং কত অংশ অপচয়, অপচয়ের মূল কারণ নির্ধারণ ও প্রতিকারের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উৎপাদনশীল পরিবেশ সৃষ্টি করা যেতে পারে।



পরিশেষে, সম্পদ শুধু বণ্টন ও উৎপাদন বা সেবা ক্ষেত্রে এর ব্যবহার করলেই হবে না। এর সুযম বণ্টন এবং দক্ষ ও কার্যকরি ব্যবহার নিশ্চিত করতে হবে। তা না হলে অপচয় বৃদ্ধির ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের পথ বাধা প্রাপ্ত হবে। সুতরাং দেশের অর্থনৈতিক পুনর্গঠনে প্রথমেই সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ করা একান্ত জরুরী।

দুটি কথা.....

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পেশাজীবীরা দেশের অর্থনীতির সকল খাতে উৎপাদনশীলতা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। একটি সমৃদ্ধশালী জাতি গঠনে উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন গড়ে তোলার কোন বিকল্প নেই। উৎপাদনশীলতার গুরুত্ব উপলব্ধি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে গড়ে তোলার ঘোষণা দেন। একই সাথে প্রতি বছর ০২ অক্টোবরকে “জাতীয় উৎপাদনশীলতা দিবস” হিসেবে পালন এবং শ্রেষ্ঠ শিল্প/সেবা প্রতিষ্ঠানের উদ্যোক্তার মাঝে “ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এন্সুরেন্স এওয়ার্ড” প্রদানের ঘোষণা দেন। সরকারের রূপকল্প ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে শিল্পসমৃদ্ধ মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে পরিণত করা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার চ্যালেঞ্জসমূহ মোকাবেলার জন্য উৎপাদনশীলতা উন্নয়ন অপরিহার্য।

এনপিও'র পেশাজীবী জনবলের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনশীলতা বৃদ্ধিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে নিয়মিত উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ ও প্রচারণামূলক কার্যক্রম, ডিজিটাল অনলাইন সার্ভিস প্রদানের জন্য টেকসই ওয়েবসাইট গঠন, সেক্টর ভিত্তিক জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতার লেভেল নির্ধারণ, গবেষণা এবং উদ্ভাবনীমূলক কর্মসূচি গ্রহণ, মাঠ পর্যায়ে জনসচেতনতা গড়ে তোলা এবং সকল ট্রেডবডিকে উৎপাদনশীলতা আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়া এনপিও'র কার্যক্রম সম্পর্কিত ডকুমেন্টারি ফিল্ম প্রণয়ন এবং আধুনিক ডাটাবেজ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের মাধ্যমে উৎপাদনশীলতার গতি প্রকৃতি নির্ণয়পূর্বক সমস্যা চিহ্নিত করে সম্ভাব্য সমাধানের উপায় বর্ণনাপূর্বক উৎপাদনশীলতা বিষয়ক প্রতিবেদন প্রণয়ন করা হচ্ছে। উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করার জন্য ০২ অক্টোবর, ২০২০ পালন করা হয়। দেশব্যাপী যথাযথভাবে জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপনের লক্ষ্যে জেলা, উপজেলা, বিভিন্ন ট্রেডবডি এবং ইউনিয়ন পর্যায়ে জনগণকে সম্পৃক্ত করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের সহযোগিতা গ্রহণ করা হয়।

উৎপাদনশীলতা বিষয়ক এনপিও বার্তা প্রকাশের সাথে সংশ্লিষ্ট ওয়ার্কিং কমিটির নিয়মিত সরকারি দায়িত্বের পাশাপাশি অতিরিক্ত সময়ে এ কাজটি সম্পন্ন করে থাকে। পরিশেষে উৎপাদনশীলতা বিষয়ক “এনপিও বার্তা” এ যাঁরা লেখা ও পরামর্শ দিয়ে সহায়তা প্রদান করেছেন তাঁদের প্রতি রইল কৃতজ্ঞতা ও অভিনন্দন।

সম্পাদনা পরিষদ



নিশিকান্ত কুমার পোদ্ডার
সভাপতি ও পরিচালক (মুগ্ধ-সচিব)
এনপিও, শিল্প মন্ত্রণালয়



এ টি এম মোজাম্মেল হক
সদস্য ও মুগ্ধ-পরিচালক
এনপিও, শিল্প মন্ত্রণালয়



বিপিন সাহা
সদস্য ও গবেষণা কর্মকর্তা
এনপিও, শিল্প মন্ত্রণালয়



মোঃ মেহেদী হাসান
সদস্য ও গবেষণা কর্মকর্তা
এনপিও, শিল্প মন্ত্রণালয়



সুরাইয়া সাবরিনা
সদস্য সচিব ও গবেষণা কর্মকর্তা
এনপিও, শিল্প মন্ত্রণালয়

প্রকাশনায়ঃ ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ই-মেইল : npobd1982@gmail.com, Web: www.npo.gov.bd,

Facebook: National Productivity Organisation (NPO), Bangladesh

National Productivity Organisation (NPO) on productivity development

The National Productivity Organisation (NPO) is a government department under the Ministry of Industries. In December 1982, a development project named "National Centre for Monitoring Labor Productivity (NCMLP)" was adopted under the Ministry of Labor and Manpower to ensure smooth functioning of the country's productivity activities. The project was later renamed "Bangladesh Productivity Center (BPC)". Lastly in 1989, the "Bangladesh Productivity Center (BPC)" project was transferred from the development sector to the government's regular revenue budget and transferred from the Ministry of Labor and Manpower to the Ministry of Industries in the name of "National Productivity Organisation (NPO)". In order to accelerate the national economic development of Bangladesh, NPO has been implementing training, seminar, workshops, consultancy services, technical assistance, etc. in various economic sectors, sub-sectors and cottage industries, including SMEs. As the focal point of the Asian Productivity Organization (APO) in Japan, NPO provides international level consultancy services.

Also, as per the announcement of Hon'ble Prime Minister, turn productivity into a national movement, observe "National Productivity Day" on 2nd October every year and above all to strengthen this activity "National Productivity and Quality Excellence Award" is being given every year in recognition of the best entrepreneurs in industries/services. Research and Innovation activities are also being practiced to develop the productivity of potential industries/services sector from NPOs.

Vision, Mission and Activities

Vision

To reach in equal position among APO's developed countries in order to promote productivity.

Mission

To create efficient manpower, improvement of systems and increase product/service of products through different productive activities like training in factories and service oriented institutions consultancy, research, technical expert service for increasing productivity.

Strategic Objectives

1. Increase productivity through creating efficient manpower.
2. Recognition and assistance to improve industries.
3. Increase awareness about productivity.
4. Emphasis on productivity oriented research.
5. Productivity related policy adaptation and improvement.

Compulsory Strategic Objectives:

1. Improve dynamism in performance and increase the quality service.
2. To ensure transparency and accountability in official activities.
3. Improvement of monetary and resource management.

Functions:

1. Provide Consultancy to government about innovation of appropriate tools and techniques and policy adaptation in order to increase productivity.
2. To conduct productivity related training program regularly in factories and organizations officials to increase productivity in different levels of national economy.
3. Responsible as a catalyst through consultancy services in order to maintain the trend of productivity in factories and organizations.
4. Making productivity oriented reports including data collection, compilation and analysis and to form a database for providing reports to different groups.
5. Coordination to implement different programs of 'Asian Productivity Organization (APO)' in Bangladesh.
6. Observe National Productivity Day across the country and provide National Productivity & Quality Excellence Award and Organize seminar.

NPO is at the first position in effectuation of Annual Performance Agreement of 2018-2019

In effectuation of Annual Performance Agreement of 2018-2019, National Productivity Organization has obtained the highest mark among different departments and organization. Annual Performance Agreement (APA) and National Integrity Strategy award giving program were held on 6th January 2020 in the convention room of the Ministry of Industries. Honorable Minister Mr. Nurul Majid Mahmud Humayun, MP, Ministry of Industries and Honorable State Minister Mr. Kamal Ahmed Mojumder, MP, Ministry of Industries were the chief Guest and Special Guest respectively. Mr. Md. Abdul Halim, Secretary to the Ministry of Industries presided over the program. Mr. Nishchinta Kumer Podder, Director of NPO and Mr. S M. Ashrafuzzaman, Ex Director of NPO received Crest and Certificate from Honorable Minister Mr. Nurul Majid Mahmud Humayun, MP, Ministry of Industries.



Mr. Nishchinta Kumer Podder, Director of NPO and Mr. S M. Ashrafuzzaman, Ex Director of NPO received Crest and Certificate from Honorable Minister Mr Nurul Majid Mahmud Humayun, MP, Ministry of Industries. State Minister Mr. Kamal Ahmed Mojumder, Ministry of Industries and Mr. Abdul Halim, Secretary to the Ministry of Industries were present at the program.

The 19th meeting of the National Productivity Executive Committee

The 19th meeting of the National Productivity Executive Committee (NPEC) was held on February 23rd, 2020 in the conference room of the Ministry of Industries and Mr. Md. Abdul Halim, Secretary to the Ministry of Industries presided over the meeting. The president of the council welcomed all the attendants at the very beginning of the program and started the proceedings of the council through introductory session. With the permission of the President, Mr. Nishchinta Kumer podder presented the working paper of the National Productivity Executive Committee (NPEC).

The council has stated that work plan for the execution of National Productivity Master Plan will be finalized in December. Drafting of work plan for execution of National Productivity Master Plan will be completed in June. Then it will be finalized through discussion with the associated partnership. Implementation of ten years National Productivity Master Plan will be initiated from January 2021 with a view to promoting productivity at desired level in all sectors along with Industry, Service and Agriculture. It was discussed elaborately how to improve productivity in state owned sugar mills. In this time, everyone is concerned about the taken initiatives for productivity improvement of Rajshahi, Natore and North Bengal sugar mills through applying Material Flow Cost Accounting method. In the meantime, the technical experts of Asian Productivity Organization (APO) have operated the first stage survey to boost up productivity of those mills. This technique will be implemented at four steps that will ensure re-use of wastages, reduction of production cost and upliftment of productivity. The council has also revealed that this method will be followed by turn for the other twelve stated owned sugar mills for improvement of production efficiency of those organizations.

In council, it has also been discussed to expand productivity related training program at district and upazilla level. Moreover, NPO has been directed to aware its partnership at root level to arrange workshop and seminar. Besides it has also been directed to send offer letter to district level for collecting the highest number of applicants for "National Productivity and Quality Excellence Award".

Secretary to the Ministry of Industries has stated that everybody associated with production chain must be made efficient to uplift productivity. Proper utilization of raw materials, equipment, manpower and best use of time must be ensured to reach to the target. He has emphasized re-use of wastages to reduce misuse of raw materials and he suggested improving skill of everyone including engineers, technicians and chemists attached with the production process. Post workshop follow up program of NPO should be continued to develop awareness about productivity. In council, Miss Luthfun Nahar Begum, Additional Secretary to the Ministry of Industries, Chairman of "Bangladesh Sugar and Food Industry Corporation (BSFIC)", Chairman of "Bangladesh Steel and Engineering Corporation", Mr. Nishchinta Kumer Podder, Director of NPO, Mr. Shahin Kamal, Director of BCIC, Mirza Nurul Gani Shovan, Chairman of NASCIB, and representatives of FBCCI, MCCI, BCI, Bangladesh Employers Federation, BKMEA, BTMC were present of that meeting.



Mr. Abdul Halim, Secretary to the Ministry of Industries present in the 19th meeting of the National Productivity Executive Committee.

Specialist Program as a part of Memorandum of Understanding between NPO and Nanyang Polytechnic International

Bangladesh National Productivity Master Plan 2021-2030 has been formulated jointly by National Productivity Organization (NPO) and Asian Productivity Organization (APO) that aims at promotion of Productivity, Quality, Innovation and Competition among different productive sectors of Bangladesh. Bygone 01 August 2019 Memorandum of Understanding (MoU) on “Productivity and Innovation Management Program” has been signed between National Productivity Organization (NPO) and Nanyang Polytechnic International of Singapore. This MoU aims at improving capacity of the individuals working for the Ministry of Industry and its associated departments and organizations. In light of MoU, Nanyang Polytechnic International decided to educate 120 individuals under three training programs that have been titled as Leaders Program, Managers Program, and Specialist Program. Among these programs, Specialist Program was held from 02nd February to 22nd February 2020 and nine participants from NPO took part in the program. Mr. Nishchinta Kumer Podder attended there from 05th February to 12th February 2020 to oversee the program.



Mr. Nishchinta Kumer Podder and other attendants in Memorandum of Understanding Program Signed between National Productivity Organization (NPO) and Nanyang Polytechnic International.

Activities of National Productivity Organization in Mujib Borsho Year

National Productivity Organization has taken some special activities on centenary of the great architect of independence, Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman. Effectuation of special 5S workshop has been held on 15th march 2020 on the occasion of Mujib Year which was inaugurated by Mr. Nishchinta Kumer Podder (Joint secretary), Director of NPO. He remarked Mujib year as the most important year for Bangladesh. In this year, everyone of NPO will work in such a spirit that will reflect Philosophy and Ideology of Bangabandhu. Moreover, Special 5S day implementation program has been initiated by NPO at attaining the goal. The program is very significant to transform NPO as a role model organization. This program will be continued at regular basis throughout the Mujib Year'. All of the employees of NPO took part in this workshop. 'Life sketch and productivity thought' of Bangabandhu will be included as a session in each training program conducted by NPO. Besides, it has been taken step to display different documentaries on Bangabandhu in the internal monitor of NPO throughout the year. In every morning, office work will be begun with inspirational speech and oath that will be arranged with all of the employees. Moreover, special standing banner with the quotations of Bangabandhu has been prepared.



Inauguration of 55 Day on the occasion of Mujib year by Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO.

The programs of National Productivity Organization (NPO) on 17th March 2020 on the occasion of birth centenary of Father of Nation Bangabandhu Sheikh Mujibur Rahman

On 17 March 2020 morning, the programs of NPO on the occasion of birth centenary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman start with tributes paid with bouquet on mural of Bangabandhu installed at the premises of Ministry of Industries. Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO paid tributes. Mr. A T M Mozammel Haque, Joint Director of NPO was present with him at that time.




Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO and Mr. A T M Mozammel Haque, Joint Director paid tribute on Mural of Bangabandhu installed at the premises of Ministry of Industries.

A discussion session was held later on in the conference room of the Ministry of Industries highlighting the significant of the day. Mr. Kamal Ahmed Majumder, MP, Honorable State Minister for Industries was the chief Guest in that session. Mr. Md. Abdul Halim, Secretary to Ministry of Industries presided over the function. The commemorative courtpin installed with the birth centenary logo of the father of nation prepared by the NPO was read out to honorable State Minister, Ministry of Industries and Secretary, Ministry of Industries by the Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO.



The commemorative court pin installed with the birth centenary logo of the Father of The Nation prepared by the NPO was read out to honorable State Minister, Ministry of Industries by Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO



The commemorative courtpin with the birth centenary logo of the Father of The Nation prepared by the NPO was read out to the Secretary of Industries by Mr. Nishchinta Kumer Podder Director (Joint Secretary) of NPO.

Seminar on “Productivity Improvement through Maintaining Proper Quality Management in Light Engineering Sector”

On 18th March 2020, a seminar was held on ‘productivity improvement through maintaining proper quality management’ in light engineering sector at Hotel 71, Bijaynagar, Dhaka. That seminar was jointly organized by Business Promotion Council (BPC) and National Association of Small and Cottage Industry, Bangladesh (NASCIB). Honorable Secretary of Industries Mr. Md. Abdul Halim was the Chief Guest of the Seminar which was presided over by President of NASCIB Mirza Nurul Goni Shovon. Mr. Nishchinta Kumer Podder, Director of NPO presented an essay on light engineering at the Seminar. In that essay, Director of NPO highlights the future, Business Feasibility, Expansion, Hindrances of Light Engineering Sector.



On the seminar of “Productivity improvement through maintaining proper quality management in light engineering sector” Mr. Md. Abdul Halim, Secretary, Ministry of Industries Mr. Nishchinta Kumer Podder, Director of NPO, President of NASCIB Mr. Mirza Nurul Goni Shovon were attended.

Two days training on 'Enhancing Efficiency in Innovation' for the employees of NPO

On 18th March 2020, a training program was held over two days in order to increase the capacity for innovation for the employees of National Productivity Organization (NPO) Mr. Nishchinta Kumer Podder, Director of NPO inaugurated the training program. Mr. Abdul Malek trainer of a2i project was invited in the training program as a trainer. During the two-days training, innovative activities of different government departments were presented. Various examples are given to show how to simplify all those activities.



Mr. Nischinta Kumar Podder, Director (Joint Secretary) of NPO, delivering the inaugural address of the two days training aimed at enhancing innovation capabilities.

Online Training on Productivity and Covid-19

Online training program is initiated to conduct NPO training programs following the rules of hygienic during the ongoing coronavirus situation. For this, firstly training program was organized through Facebook live and through Zoom meeting app later on. On 11th May 2020, Mr. A T M Mozammel Haque, Joint Director of NPO delivered a speech through online on the importance of SS in coronavirus situation and Mr. Razu Ahmmed, Research Officer of NPO delivered a speech through online on the 'Understanding Business Excellence Framework' On 17th May 2020 . The chief speaker of the training was Mr. Nishchinta Kumer Podder, Director of NPO. Almost hundred trainees from different industries took part in the trainings.



Mr. A T M Mozammel Haque, Joint Director of NPO present through Facebook live in a Training Program on "The Importance of 5S during CORONA VIRUS situation"



Mr. Md. Razu Ahmed, Research officer, NPO delivered a speech through Zoom meeting app on the importance of understanding Business Excellence Framework.

The 62nd Session of APO Governing Body


Bygone 8th June 2020, the meeting of 62nd Session of APO Governing Body was organized virtually. Mr. K M Ali Azam, Country Director of APO, Secretary, Ministry of Industries, Mr. Nishchinta Kumer Podder, Alternate country director of APO, Mr. Nazrul Islam, APO Liaison officer and Senior Research Officer participated this meeting. In this meeting, APO states its position to bounce prosperity to the epidemic zones affected by the Covid-19 epidemic. The APO raises concerns about the profound and widespread disruption caused by the epidemic in all areas of humanitarian activities, including health, economy, food, security and education. Besides, it has been discussed about innovative and pragmatic solution in agricultural sector and manufacturing industries specially. The APO has launched a special account that will play a significant role in the Covid-19 Pandemic. Finally, APO has emphasized on its spirit to continue its activities as a power with its country of member economy at post COVID-19 period for sustainable, inclusive, and development of innovative leadership.



APO Country Director of Bangladesh, Mr. K M Ali Azam, Secretary, Ministry of Industries and representatives of other country at the 62nd session of APO Governing Body.

Training of NPO on Productivity Development

Productivity development techniques, Productivity development at factory level, Productivity development through perfect using of productivity tools and techniques, Quality improvement and productivity development through reducing misuse, Development of entrepreneurship and Expansion of Business, Quality management, Competitive productivity and Green Productivity related different training programs have been conducted regularly among Government and Non-Government officers at the second half of 2019-2020 fiscal year by NPO with a view to improving productivity in various sectors of national economy. Moreover, Productivity related different technical trainings have been given to 767 trainees of various Industries and Service oriented organizations through 21 training programs from January to June of 2019-2020 fiscal year.



Graph represents the number of training programs and the number of sector based trainees



Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO delivered speech as the chief Guest of training program on “Productivity development through efficient use of Productivity tools and techniques” at Karnaphuli Paper Mills Ltd. Kaptai, Rangamati. Mr. Md. Farid Uddin, Senior Research Officer and Mr. Zayed UI Islam were presented as trainers.



Mr. Nishchinta Kumer Podder, Director (Joint Secretary) of NPO took part on a training course titled “Productivity Development Strategy” as the chief guest at Resco Biscuit and Bread Factory Limited in Jashore. Mr. Md. Razu Ahmed, Research Officer were present as a trainees.



Mr. A T M Mozammel Haque, Joint Director of NPO, speaking as the Chief Guest of the training titled "Factory Management and Productivity" at Olympic Industries Limited located in Narayanganj.



Mr. Md. Nazrul Islam, Senior Research Officer, Mr. Md. Akibul Haque, Research Officer, Miss. Nahida Sultana Ratna, Research Officer were present as a trainer of training on "Productivity Development Strategy" at Latif Bawani Jute Mills Ltd. Dhaka.



Mst. Fatema Begum, Senior Research Officer, Mr. Ripon Saha, Research Officer and Mr. Firoz Ahmed, Statistical Investigator present in a training program titled “Technique on Productivity Development” at Kero High School in Darshona, Chuadanga.



Mst Abeda Sultana, Senior Research officer, Mr. Md. Moniruzzaman , Research Officer of NPO were present as the trainers of a training on ‘Productivity Development Strategy’ at Minister High tech Electronics Ltd. Gazipur.



Mr. Muhammad Arifuzzaman, Senior Research Officer, Mr. Md Mehedi Hasan, Research Officer of NPO were present as the trainers in a training on 'Productivity Development Strategy' at Kishoyan snacks Ltd , Agrabad, Chattagram.

The 20th council of the National Productivity Executive Committee

The 20th council of the National Productivity Executive Committee was held on 20th June 2020 at 11am. Mr. KM Ali Azam, Secretary to the Ministry of Industries presided over the meeting. With the permission of the President, Mr. Nischinta Kumer Podder presented the working paper of the National Productivity Executive Committee (NPEC). Upgradation of NPO offices, Installation of regional office, Construction of NPO building at the allocated place are discussed in the council. Moreover, Implementation of technical project, receive Technical Expert Service of international standard in minimum cost, receive need base program in sector and sub sectors related aspects are also discussed in that meeting. It has also been emphasized on signing Memorandum of Understanding with different trade bodies. Inclusion of Productivity related topic in NTCB text book, Formulation of Bangladesh National Productivity Master Plan 2021-2030, Delivering National Productivity and Quality Excellence Award and Institutional Award-2019, Publication of half yearly National Productivity Barta, (NPO Barta) of NPO related issues are discussed in the meeting. It has been suggested to arrange different seminar, Workshop and discussion meeting for the determination of productivity level at different sectors of NPO like agriculture, service and industry along with expansion of idea about productivity. Besides, it has been discussed the way to accelerate NPO activities at the post COVID-19 situation.

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস-প্রসেস শাখা (সিটিপি/ইমেজ)-৮৩১/২০-২১/শিল্প-২৫-০১-২০২১-১,০০০টি বই।